শুভেচ্ছা

জন্মদিন

☺ শুভ জন্মদিন দেবাঙ্গন শর্মা : Wishes from : দেবাশিষ শর্মা (বাবা), সুস্মিতা সাহা শর্মা (মা)। চতুর্থ জন্মদিন। ঠিকানা : নিউ ডাবড়ি, নূতন কলোনি, ওয়ার্ড নং ৫, কোচবিহার–৭৩৬১০১।

উত্তরের অপেক্ষায় বিনিয়োগকারীরা, চাপ বাড়ছে ইস্টবেঙ্গলের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ মে : চুক্তির কোন কোন বিষয়ে সমস্যা, জানতে চেয়ে ইস্টবেঙ্গলকে চিঠি দিয়েছে লাল–হলুদের বিনিয়োগকারী সংস্থা। তবে ২৪ ঘণ্টা পরেও সে ব্যাপারে নিজেদের অবস্থান স্পষ্ট করতে পারেনি ক্লাব কর্তৃপক্ষ। ফলে অপেক্ষা বাড়ছে লাল–হলুদের লগ্নিকারীদের।

বুধবার বিনিয়োগকারীর চিঠি পাওয়ার পর মুখ খুলেছিলেন ক্লাবের এক শীর্ষকর্তা। টার্মশিট ও ফাইনাল এগ্রিমেন্টে বিস্তর তফাত রয়েছে, এমনটাই অভিযোগ করেছিলেন তিনি। সঙ্গে জটিলতা কাটাতে বিনিয়োগকারীদের সাংবাদিক সম্মেলন করে চুক্তিপত্র প্রকাশের চ্যালেঞ্জ ছুড়ে দেন তিনি। তবে বৃহস্পতিবার অনেকটাই নমনীয় সুর ক্লাবকর্তাদের।

গতবছর কোভিড পরিস্থিতির মধ্যেও আইএসএলে খেলার জন্য ইস্টবেঙ্গলের জন্য ৫০ কোটি আর্থিক বিনিয়োগ করে আগ্রহ দেখিয়েছিল শ্রীসিমেন্ট। অথচ চুক্তি সম্পন্ন করার ক্ষেত্রে ক্লাবের তরফে কোনও সহযোগিতা কিংবা সদিচ্ছা যে দেখানো হয়নি, তা স্পষ্ট হয়ে গিয়েছে। আর তাতে বিরক্ত রিলায়েন্স। নিজেদের তরফে অবস্থান স্পষ্ট করে তারা জানিয়ে দিয়েছে, বিনিয়োগকারীদের সঙ্গে ঝামেলায় তারা কোনওভাবেই ক্লাবের পাশে দাঁড়াবে না। ফলে এই অচলাবস্থা জিইয়ে থাকলে অচিরেই আইএসএলে অংশগ্রহণ তো বটেই, ক্লাব লাইসেন্সিং ও পরবর্তী সময়ে ফেডারেশন অনুমোদিত টুর্নামেন্ট খেলতে সমস্যার সম্মুখীন হবে লাল–হলুদ।

অতীতে যেভাবে ওড়িশা এফসি–কে সেখানকার সরকার টাকা দিয়ে সাহায্য করেছে, তেমনভাবে ইস্টবেঙ্গলকে সাহায্য করুক রাজ্য সরকার। এমনটাই চাইছিলেন লাল–হলুদ কর্তারা। বর্তমান পরিস্থিতিতে তা যে এই মুহূর্তে সম্ভব নয়, সে বার্তাও স্পষ্ট হয়ে গিয়েছে লাল–হলুদ কর্তৃপক্ষের কাছে। সবমিলিয়ে চাপ বাড়ছে ইস্টবেঙ্গলে।

রোনাল্ডোকে পাশে চাইছেন নেইমার

প্যারিস, ১৩ মে : কিছুদিন আগে লিওনেল মেসির সঙ্গে ফের জুটি বাধার ইচ্ছে প্রকাশ করেছিলেন। কিন্তু প্যারিস সাঁ জাঁ–র সঙ্গে চুক্তি বাড়াতেই অন্য সুর নেইমারের গলায়।

আগামী মরশুমে তিনি বার্সেলোনায় ফিরতে পারেন বলে জল্পনা জোরদার হয়েছিল। তবে গত সপ্তাহে প্যারিসের সঙ্গে ২০২৫ পর্যন্ত চুক্তি বাড়িয়েছেন এই ব্রাজিলিয়ান সুপারস্টার। এরপর এক সাক্ষাৎকারে নেইমার বলেছেন, 'আমি ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর পাশে খেলতে চাই। ইতিমধ্যে লিওনেল মেসি, কিলিয়ান এমবাপের মতো তারকার সঙ্গে খেলেছি। কিন্তু রোনাল্ডোর সঙ্গে খেলা হয়নি। এবার সেটা করতে চাই।' এর আগে তিনি মেসিকে প্যারিসে আসার অনুরোধ জানিয়েছিলেন। এমনকি প্রয়োজনে নিজের পজিশন মেসিকে ছেড়ে দেবেন বলে দাবি করেন। ওই সাক্ষাৎকারে নেইমার আরও বলেছেন, 'আমি বিশ্বকাপ জিততে চাই। দেশের জার্সিতে বড় কিছু করার স্বপ্ন দেখি সবসময়।' ২০১৩ সালে ব্রাজিলকে কনফেডারেশন কাপে চ্যাম্পিয়ন করেছেন তিনি।

নেইমারের এই স্বপ্ন আগামী মরশুমে সত্যি হতেও পারে। জুয়ান লাপোর্তা ক্লাব সভাপতি হওয়ার পর মেসির বার্সেলোনা ছাড়ার জল্পনা অনেকটাই কমেছে। আবার প্যারিস ছেড়ে রিয়াল মাদ্রিদে যেতে আগ্রহী এমবাপে। এই অবস্থায় জুভেন্তাস থেকে রোনাল্ডোকে দলে নিতে পারে প্যারিস। একদিকে রোনাল্ডোকে বিপুল বেতন দিলেও প্রত্যাশিত ফল পাওয়া যাচ্ছে না বলে মনে করছে তুরিনের ক্লাবটি। এমনকি পরের মরশুমে তাদের চ্যাম্পিয়ন্স লিগ খেলা নিয়ে প্রশ্ন রয়েছে। আবার রোনাল্ডোর বিপুল বেতন দেওয়ার ক্ষমতা প্যারিস সহ হাতেগোনা কয়েকটি ক্লাবের আছে। ফলে ইতালি থেকে ফ্রান্সে আসতে পারেন সিআরসেভেন। সেক্ষেত্রে নেইমারের স্বপ্ন পূরণ হবে।

ইদ মোবারক। দুবাইয়ে স্পিড বোট নিয়ে জলে ঝড় তুলেছেন আফগান ক্রিকেটার রশিদ খান। –ইনস্টাগ্রাম

কাতারে পৌঁছে নিভৃতবাসে থাকতে হচ্ছে না সুনীলদের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ মে : অবশেষে এসে গেল কাঙ্ক্ষিত অনুমোদন। কাতারে পৌঁছে আর নিভৃতবাসে থাকতে হচ্ছে না ভারতীয় ফুটবল দলকে।

আপাতত চেষ্টা চলছে দ্রুত ভারতীয় দলকে কাতারে পৌঁছে দেওয়ার। ফেডারেশন সচিব কুশল দাশ বলেছেন, 'যেহেতু কোয়ারান্টিনে দলকে থাকতে হবে না, তাই সম্ভবত ২০ মে নাগাদ দল উড়ে যাবে দোহার উদ্দেশে।' অন্য কোনও দেশে শিবির হবে না, এটা আগেই ঠিক ছিল। সরাসরি দোহায় উড়ে যাবেন সুনীল ছেত্রী–গুরপ্রীত সিং সান্ধুরা। যেহেতু হাতে সময় কম ছিল, তাই দিনকয়েক ধরেই ফেডারেশন চেষ্টা চালাচ্ছিল কাতারে অন্য দেশ থেকে আসা মানুষের জন্য ১০ দিনের যে কোয়ারান্টিন পর্বের নিয়ম করে দেওয়া হয়েছে, সেটা যাতে সুনীলদের জন্য লাঘব করা হয়। মূলত দক্ষিণ ও দক্ষিণ–পূর্ব এশিয়ার দেশগুলির জন্য কাতারে এখন কোভিড নিয়ম অসম্ভব কড়া। কিন্তু নিভৃতবাসে থাকতে হলে যে দল আর অনুশীলনের সময়ই পাবে না, এটাই কাতার ফুটবল অ্যাসোসিয়েশনকে বোঝানো হয়। আর এই ব্যাপারে ফেডারেশনকে সাহায্য করেছে এএফসিও। যেহেতু মাত্র ৪৮ ঘণ্টা আগে আরটি–পিসিআর পরীক্ষা করে, নেগেটিভ ফল হাতে নিয়েই যাবেন ফুটবলাররা,

সব বাধা কাটিয়ে আমরা ২০ মে নাগাদ দোহায় দল পাঠাতে পারব বলে মনে করছি।

–কুশল দাশ

সচিব, এআইএফএফ

তাই তাঁদের যেন ছাড় দেওয়া হয়, এমনটা জানাতে অবশেষে রাজি হয়ে যায় কাতার এফএ।

ইতিমধ্যেই ভিসা সংক্রান্ত কাজও প্রায় শেষের পথে। ফেডারেশন সচিব নিজেই বলেছেন, 'সব বাধা কাটিয়ে আমরা ২০ মে নাগাদ দোহায় দল পাঠাতে পারব বলে মনে করছি।' আসলে সমস্যা এখনও কিছুটা নিজেদের দেশের মধ্যেই রয়েছে। অভিষেক যাদব এবং ইগর স্টিমাক জনে জনে ফুটবলারদের সঙ্গে ব্যাক্তিগতভাবে কথা বলে জানার চেষ্টা করছেন, কারা খেলার মতো পরিস্থিতিতে রয়েছেন। কোন কোন ফুটবলার নিজে বা পরিবারের অন্য কেউ করোনা সংক্রামিত নন, সেটাই এখন খুঁজে বের করার চেষ্টা চলছে বলে খবর। ফলে এদিনও কাতারগামী দল জানাতে পারেনি ফেডারেশন। কুশল দাশ জানান, দুই–তিনদিনের মধ্যে দল ঘোষণা হবে। বিভিন্ন রাজ্যে লকডাউন থাকায় ফুটবলারদের বাড়ি থেকে দিল্লি নিয়ে যাওয়াও এক সমস্যা। কারণ অনেক ফুটবলারই গ্রামের দিকে থাকেন। তাঁদের পক্ষে বিমানবন্দরে আসাও এখন বড় সমস্যা।

তবে কাতারের অনুমোদন আসতেই এখন যুদ্ধকালীন পরিস্থিতিতে কাজ শুরু করেছেন ফেডারেশন কর্তারা। যত দ্রুত সম্ভব গোটা দলকে দিল্লিতে জড়ো করে পরবর্তী কাজ শেষ করে কাতারের উদ্দেশে ফুটবলারদের রওনা করিয়ে দিতে চায় এআইএফএফ।

মর্মান্তিক ঘটনার প্রতিবাদ ক্রীড়ামহলের

প্যালেস্টাইনে রক্তপাত বন্ধের দাবি সালাহদের

নয়াদিল্লি, ১৩ মে : প্যালেস্টাইন–ইজরায়েল সংঘর্ষে রক্তের স্রোত।

ইজরায়েলের রকেট হানায় গতকাল প্যালেস্টাইন অধ্যুষিত গাজায় প্রাণ হারিয়েছেন ৬৯ জন। এর মধ্যে রয়েছে ১৬ জন শিশুও। মর্মান্তিক যে ঘটনায় নড়িয়ে দিয়েছে ক্রীড়ামহলকেও। প্রতিবাদে প্যালেস্টাইনের পাশে দাঁড়িয়ে ফুটবলার সাদিও মানে, মহম্মদ সালাহদের সঙ্গে সুর মিলিয়েছেন রশিদ খান, ইরফান পাঠানরাও।

মহম্মদ সালাহ

হিংসা এবং নিরীহ মানুষদের হত্যা অবিলম্বে বন্ধ হোক। অনেক হয়েছে। আর নয়। বিশ্বের সব নেতাদের কাছে আবেদন, তাঁরা এগিয়ে এসে হিংসা বন্ধে সর্বাত্মক পদক্ষেপ করুক।

বাবর আজম

প্যালেস্টাইনের মানুষদের জন্য প্রার্থনা করুন। আসুন সোচ্চার হই।

রশিদ খান

ক্রীড়াবিদ হিসেবে গোটা বিশ্ব খেলে বেড়াই। চাই যুদ্ধ–মুক্ত বিশ্ব। আফগানিস্তান বা প্যালেস্টাইন, মানুষের মৃত্যু দেখতে চাই না। শিশুহত্যার চেয়ে জঘন্য অপরাধ আর কিছু হতে পারে না। শিশুরা জেগে উঠুক পাখির কলরবে, বোমার আওয়াজে নয়।

ইরফান পাঠান

সামান্যতম মানবিকতা থাকলে, প্যালেস্টাইনে যা চলছে, সেই কাজকে কেউ সমর্থন করবে না।

ড্যারেন স্যামি

তুমি যেমন ব্যবহার প্রত্যাশা করো, সেটা কেন আমরা অপরের সঙ্গে করতে পারি না। এটা আমার কিছুতেই বোধগম্য হয় না।

সাদিও মানে

হৃদয় বিদারক।

ফিফার দ্বারস্থ হওয়ার হুমকি বাংলাদেশের ক্লাবের

পরবর্তী রাউন্ডে তুলে দেওয়ার দাবি বসুন্ধরার

সুস্মিতা গঙ্গোপাধ্যায়

কলকাতা, ১৩ মে : করোনা নিয়মবিধি ভাঙায় বেঙ্গালুরু এফসি–কে দেশে ফেরত পাঠানোর নির্দেশ দেয় মালদ্বীপ সরকার। তারই জেরে শেষ পর্যন্ত এএফসি স্থগিত করে দেয় গ্রুপ 'ডি'–র খেলা। এই গ্রুপে থাকা বাংলাদেশের বসুন্ধরা কিংস এবার এই স্থগিতের জেরে ফিফায় যাওয়ার হুমকি দিল এএফসি–কে।

গ্রুপ 'ডি'–র সব ম্যাচ আপাতত স্থগিত করে দিয়েছে এএফসি। এই গ্রুপে বসুন্ধরা কিংস ছাড়াও ছিল মোহনবাগান ও মেজিয়া স্পোর্টস। এছাড়াও বেঙ্গালুরু ও মালদ্বীপ ঈগলসের মধ্যে বিজয়ী দলও ঢুকত ওই গ্রুপে। কিন্তু করোনা নিয়ম ভাঙায় মালদ্বীপ সরকার বেঙ্গালুরু এফসি–কে মালে থেকে বের করে দেওয়ার নির্দেশ দেয়। যার জেরে আপাতত স্থগিত করে দেওয়া হয় গ্রুপ 'ডি'–র সব ম্যাচ। আর তাতে চটেছে বসুন্ধরা। গত মরশুমেও এএফসি কাপের ম্যাচ বাতিল হয়ে যাওয়ায় তারা খেলার সুযোগ পায়নি। এবার বাতিল না হলেও স্থগিত করে দেওয়া হয়েছে। অথচ বসুন্ধরা ৪৫ জনের দল নিয়ে মালদ্বীপে যাওয়ার জন্য তৈরি ছিল। সেইমতো তারা মালের হোটেলেও অগ্রিম দিয়ে বুকিং করে রাখে। এছাড়াও টুর্নামেন্টের প্রস্তুতির জন্যও তাদের প্রচুর খরচ হয়েছে বলে ক্লাবের তরফে দাবি। সবমিলিয়ে বিরক্ত বসুন্ধরার কর্তারা। এএফসির কাছে ক্ষতিপূরণ দাবি করতে চলেছে বাংলাদেশের এই ক্লাব। এএফসি এই আবেদনে সাড়া না দিলে তারা ফিফায় যাওয়ার হুমকিও দিয়ে রেখেছে।

প্লে–অফে মালদ্বীপ ঈগলের বিপক্ষে তাদের ম্যাচ ঢাকা আবাহনী আয়োজন করতে না পারায়, তাদের টুর্নামেন্ট থেকে বাতিল করে দেয় এএফসি। এই নিয়ে আবাহনী চুপ করে থাকলেও মুখ খুলেছে বসুন্ধরা। এএফসি–কে লেখা এক চিঠিতে তাদের তরফে বলা হয়েছে, যে কারণে ঢাকা আবাহনীকে বাতিল করা হয়েছে, সেই একই কারণে টুর্নামেন্ট থেকে বের করে দেওয়া হোক মালদ্বীপ ঈগলস এবং মেজিয়া স্পোর্টসকেও। কারণ তারাও নিজেদের ম্যাচ আয়োজনে ব্যর্থ এই কোভিড পরিস্থিতির কারণ দেখিয়ে। তাছাড়া বেঙ্গালুরু এফসি–ও করোনা নিয়ম ভেঙেছে। তাহলে তাদেরই বা কেন বাতিল করা হবে না বলে প্রশ্ন তোলার পাশাপাশি বলা হয়েছে যে মোহনবাগানও নাকি টুর্নামেন্ট স্থগিতের একদিন আগে নিজেদের নাম তুলে নেয়। তাই গ্রুপ 'ডি'–র সব ম্যাচ বাতিল করে বসুন্ধরা কিংসকে যেন পরবর্তী রাউন্ডে তুলে দেওয়া হয়।

এই বিষয়ে এএফসি–র তরফে অবশ্য এখনও কোনওরকম প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

প্র্যাকটিস ছেড়ে শোরুমে রোনাল্ডো

রিয়াল ছাড়তে চান জিদান

▸▸ পনেরোর পাতায়

শ্রাদ্ধানুষ্ঠান

"তুমি রবে নীরবে"

আমার পরমপ্রিয় স্ত্রী শেফালী মিত্র গত ২রা মে ২০২১ (১৮ই বৈশাখ ১৪২৮) রবিবার সকাল ৭ ঘটিকায় সজ্ঞানে আমাদের মায়া ত্যাগ করে তাঁর সাধনোচিত ধামে গমন করেছেন। প্রয়াতের আবিনশ্বর আত্মার শান্তি কামনার্থে ১৪ই মে ২০২১ (৩০শে বৈশাখ ১৪২৮) শুক্রবার শিলিগুড়ির হায়দারপাড়ায় আমাদের নিজ বাসভবনে পারলৌকিক ক্রয়াদি ঘরোয়াভাবে অনুষ্ঠিত হবে। করোনা পরিস্থিতির কারোণে আমরা কোনও পরিজন ও শুভার্থীকে শ্রাদ্ধবাসরে আমন্ত্রণ জানাতে অপরাগতার জন্য ক্ষমাপ্রার্থী।

ঃ শোকাহত ঃ

সন্তোষ কুমার মিত্র (স্বামী)

সোমনাথ মিত্র (পুত্র)

পারমিতা মিত্র (পুত্রবধূ)

সৌরভ মিত্র (পুত্র)

সঞ্চিতা তালুকদার মিত্র (পুত্রবধূ)

সিধিক্সা মিত্র (নাতনি)

ওয়ার্নার ছাঁটাই নিয়ে প্রশ্ন গাভাসকারের

পন্তের মধ্যে ভবিষ্যতের অধিনায়ক দেখছেন সানি

নয়াদিল্লি, ১৩ মে : আচমকা নেতৃত্বের দায়িত্ব পাওয়া। আর দিল্লি ক্যাপিটালস অধিনায়ক হিসেবে দায়িত্ব পেয়েই ঋষভ পন্তের চমক!

স্থগিত হয়ে যাওয়া ৮ ম্যাচে মোট ২১৩ রানের পাশে ৬টি জয়। সঙ্গে অধিনায়ক হিসেবে অল্প সময়ের মধ্যেই নিজের যোগ্যতার প্রমাণ দেওয়া। আইপিএলে ঋষভের নেতৃত্ব দেখে কিংবদন্তি সুনীল গাভাসকারের মনে হচ্ছে, তাঁর মধ্যে আগামীর সম্ভাবনা রয়েছে ভালোরকম। বিরাট কোহলির উত্তরসূরি হওয়ার মশলা পন্তের মধ্যে খুঁজে পেয়েছেন সানি। সেকথাই আজ দুনিয়ার দরবারে তুলে ধরেছেন ভারতীয় সর্বকালের সফলতম ওপেনার। সানির কথায়, 'পন্তের নেতৃত্বে স্থগিত হয়ে যাওয়া আইপিএলে দারুণ খেলেছে দিল্লি। ওর মধ্যে দ্রুত শিখে নেওয়ার বিরল ক্ষমতা রয়েছে। ভুল সবাই করে। ঋষভও করেছিল। কিন্তু একই সঙ্গে দ্রুত ভুল শুধরে নিজের মধ্যে থাকা জোশটা দলের বাকিদের মধ্যে সঞ্চারিত করেছিল।' শুধু তাই নয়, আইপিএলে পন্তের অধিনায়কত্ব দেখে গাভাসকারের মনে হয়েছে, টিম ইন্ডিয়ার ওয়ান্ডার কিড অত্যন্ত বুদ্ধিমানও। শ্রেয়স আইয়ারের আচমকা কাঁধের চোটের কারণেই ঋষভ নেতৃত্বের দায়িত্ব পেয়েছিলেন। বাস্তবে কখনও আইপিএল না জেতা দিল্লি ক্যাপিটালসের জন্য পরিস্থিতিটা সহজ ছিল না। কিন্তু পন্থ বিষয়টা সহজ করে দিয়েছিলেন। সানির কথায়, 'দিল্লির আইপিএল ম্যাচে পন্থ বারবার প্রমাণ করেছে, কতটা বুদ্ধিমান ও। নেতৃত্বের একটা সহজাত ক্ষমতা রয়েছে ওর। আগামীদিনে জাতীয় দলের অধিনায়ক হিসেবে পন্তের কথা ভাবা যেতেই পারে।'

ঋষভের নেতৃত্ব যেমন নজর কেড়েছে সানির, তেমনই সানরাইজার্স হায়দরাবাদের অধিনায়কত্ব বিতর্ক অবাক করেছে গাভাসকারকে। ডেভিড ওয়ার্নারকে যেভাবে প্রথমে নেতৃত্ব ও পরে দলের প্রথম একাদশ থেকে ছেঁটে ফেলা হয়েছিল, তা এখনও মানতে পারেননি তিনি। বরং ওয়ার্নারের মতো নেতাকে ছাঁটাই করলে কেন দলের কোচকে বাদ দেওয়া হবে না, সেই প্রশ্ন আজ তুলেছেন প্রাক্তন ভারত অধিনায়ক। গাভাসকারের মতে, 'হায়দরাবাদের সিদ্ধান্ত অবাক করার মতো। ওয়ার্নারকে অধিনায়কত্ব থেকে সরানোর পাশে প্রথম একাদশ থেকেই বাদ দেওয়া হল। বিস্ময়কর সিদ্ধান্ত। একমাত্র ওই রান করার চেষ্টা করছিল। আমার প্রশ্ন, ব্যর্থতার জন্য অধিনায়ককে বাদ দেওয়া হলে কোচ কেন রেহাই পাবে? ফুটবল দলে ব্যর্থতার জন্য আগে কিন্তু কোচ ছাঁটাই হয়।'

মেজাজটাই আসল রাজা। সানগ্লাস পরে ভ্যাকসিন নিচ্ছেন ঋষভ পন্থ।

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়িনী হলেন কলকাতার এক মহিলা

পশ্চিমবঙ্গ, কলকাতার আরও এক মহিলা মিতা চেতন শাহ - কে 21.03.2021 তারিখের ড্র তে 75J 69496 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। ডিয়ার সাপ্তাহিক লটারিকে বেছে নেওয়ায় জীবন বদলে গেল মিতার। আনন্দে আত্মহারা মিতা বলেন "আমি বিভিন্ন মিডিয়ার মাধ্যমে বহু লোককে ডিয়ার সাপ্তাহিক লটারিতে কোটি কোটি টাকা জিততে দেখেছি। আমি সমস্ত লোকজনকে বিশেষত মহিলাদেরকে উৎসাহিত করব ডিয়ার সাপ্তাহিক লটারি কিনতে ও তাদের ভাগ্য পরিবর্তনের চেষ্টা করতে। কারণ কেউ জানে না ঈশ্বর কখন আমাদের আশীর্বাদ করবেন।" ডিয়ার সাপ্তাহিক লটারির প্রতিটি ড্র সরাসরি দেখা যায় বলে গোটা প্রক্রিয়াটাই পুরোপুরি স্বচ্ছ। এই লটারি দিনের পর দিন জনপ্রিয় হয়ে উঠেছে।

সম্পাদক ঃ সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী– ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস ঃ ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা–৭০০০০১, ফোন ঃ ২২৪৩–৫৬৬৩, ২২১০–১৮২০/১২০১, ফ্যাক্স ঃ ০৩৩–২২৪৩–৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস ঃ থানামোড়, জলপাইগুড়ি– ৭৩৫১০১, ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস ঃ সিলভার জুবিলি রোড, কোচবিহার– ৭৩৬১০১, ৯৮৭৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস ঃ এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার–৭৩৬১২২, ফোন ঃ ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস ঃ মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযুপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা– ৭৩২১০১, হোয়াটসঅ্যাপ ঃ ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন ঃ ০৩৫১২–২২১৬৯৩ (সংবাদ), ৯৮০০৫৮৫৯৫০ (বিজ্ঞাপন ও অফিস), ফ্যাক্স ঃ ২২১৬৯৪। শিলিগুড়ি ফোন ঃ সম্পাদক ও প্রকাশক ঃ ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার ঃ ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন ঃ ২৫২৪৭২২, সার্কুলেশন ঃ ২৫২৬৬৩৫, অফিস ঃ ২৫২৯৬৬১, ২৫২৬৯৯৯ ও ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ ঃ ৭৮৭২৯৩৩৮৮৮, রিপোর্টিং ঃ ২৫২০০০৩, হোয়াটসঅ্যাপ ঃ ৯৭৩৫৭৩৯৬৭৭। ফ্যাক্স ঃ ০৩৫৩–২৪৩৪৪৪৫/২৫২৯৬৬০।
Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in